কুষ্টিয়ার মিরপুরে ২৩ কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস

কুষ্টিয়ার মিরপুরে প্রায় ২৩ কোটি টাকার বিভিন্ন মাদকদ্রব্য ধ্বংস করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। আজ বুধবার (১৪ ফেব্রুয়ারি) দুপুরে শহীদ কর্ণেল সামসুল আরেফিন হলে এক মাদক বিরোধী সভা শেষে আনুষ্ঠানিকভাবে এসব মাদকদ্রব্য ধ্বংস করে বিজিবি।

কুষ্টিয়া-৪৭ বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল আরিফুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজিবির অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন।

এতে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্ণেল এমারাত হোসেন, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা জহুরুল ইসলাম, দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল কাদের প্রমুখ।

এ সময় অতিথিরা ভারতীয় মদের বোতল ভেঙে ও গাঁজায় আগুন ধরিয়ে ধ্বংস কার্যক্রমের উদ্বোধন করেন। এরপর রোলার দিয়ে মদ ও ফেনসিডিলের বোতল নষ্ট করা হয়।

বিজিবি জানায়, গত এক বছরে বিজিবির জব্দ করা ৮ হাজার ৭শ’ ৯৩ বোতল বিদেশী মদ, ৯ হাজার ৪শ’ ৪২ বোতল ফেনসিডিল, ২শ’ ৩৪ কেজি গাঁজা, ১ লক্ষ ৫৮ হাজার ৫শ’ প্যাকেট পাতার বিড়ি, ১ হাজার ৭৮ পিচ ইয়াবা, কোকেন সাড়ে ৯ কেজি, ভায়াগ্রা ৪শ’ ৪৫ পিচ, ২৭ কেজি ৬শ’ গ্রাম হেরোইন ও বিভিন্ন প্রকার ট্যাবলেট ৩ লক্ষ ৫১ পিচ। যার আনুমানিক মূল্য প্রায় ২৩ কোটি টাকা।

বিজিবির অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন বলেন, ‘সীমান্ত এখন অনেকটাই সুরক্ষিত, বিজিবি চেষ্টা করছে মাদকদ্রব্য পুরোপুরি নিয়ন্ত্রণ করতে।